শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ

# কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-৪

# Cumilla Palli Bidyut Samity-4


লাকসাম, কুমিল্লা।

ISO 9001:2015 Certified

web: www.pbs4.comilla.gov.bd. e-mail: comillapbs4@gmail.com


---

স্মারক নং-২৭.১২.১৯৭২.৫৭৬.০২.০০৮.২০. ৫৪০৫ তারিখঃ ২৫ নভেম্বর, ২০২০ খ্রিষ্টাব্দ
১০ অগ্রহায়ন, ১৪২৭বঙ্গাব্দ

## "আন্তঃ পবিস নিয়োগ বিজ্ঞপ্তি"

কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-৪ এ অফিস সেক্রেটারী এর শূন্য পদ পূরণের লক্ষ্যে সংশোধিত পবিস নির্দেশিকা ৩০০-১৪, ৩০০-২৪ ও ৩০০-৫১ অনুযায়ী পদোন্নতির যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন আগ্রহী **"কম্পিউটার অপারেটর"** গণের নিকট হতে নিম্নোক্ত শর্তাবলী পূরণ সাপেক্ষে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে (A-4 সাইজের কাগজে) স্বহস্তে লিখিত দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

## পদের নাম: অফিস সেক্রেটারী

**আবেদন করার নিয়মাবলী :**

আবেদনকরীগণ'কে খামের উপরে পদের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে। এছাড়াও আবেদনপত্রে (ক) নিজের নাম, (খ) পিতার নাম, (গ) মাতার নাম, (ঘ) স্থায়ী ঠিকানা, (ঙ) বর্তমান ঠিকানা, (চ) জন্ম তারিখ, (ছ) বয়স, (জ) জাতীয়তা, (ঝ) ধর্ম, (ঞ) শিক্ষাগত যোগ্যতা, (ট) চাকুরীতে প্রথম যোগদানের তারিখ, (ঠ) বর্তমান পদে যোগদান ও নিয়মিত করনের তারিখ উল্লেখ পূর্বক সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার এর সুপারিশ সহ স্বহস্তে লিখিত আবেদনপত্র নিয়ে আগামী ১৪/১২/২০২০ খ্রিঃ তারিখ রোজ-সোমবার সকাল ১১:০০ ঘটিকায় কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-৪ এর সদর দপ্তর, লাকসাম, কুমিল্লাতে স্ব-শরীরে উপস্থিত হয়ে নির্বাচনী পরীক্ষায় অংশ গ্রহণের জন্য অনুরোধ করা হলো। আবেদনপত্রের সহিত দাখিলকৃত কাগজপত্র/দলিলাদি জেনারেল ম্যানেজার বা সহকারী জেনারেল ম্যানেজার (এডমিন/এইচআর) কর্তৃক সত্যায়িত পূর্বক সংযুক্ত করতে হবে।

**প্রার্থীর যোগ্যতা :**

(ক) কম্পিউটার অপারেটর পদে ন্যূনতম ০৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতা থাকতে হবে।
(খ) প্রতি মিনিটে কমপক্ষে ৬০ (ষাট) টি ইংরেজী ও ৪০ (চল্লিশ) টি বাংলা শব্দ শ্রুতি লিখনের দক্ষতা থাকতে হবে।
(গ) প্রতি মিনিটে কমপক্ষে ৩৫ (পঁয়ত্রিশ) টি ইংরেজী ও ৩০ (ত্রিশ) টি বাংলা শব্দ টাইপ করতে সক্ষম হতে হবে।
(ঘ) কম্পিউটার উইন্ডোজ অপারেটিং সিষ্টেম সম্পর্কিত জ্ঞান থাকতে হবে।
(ঙ) সংশোধিত পবিস নির্দেশিকা ৩০০-২৪ এর সেকশন-এ তে উল্লিখিত বিধান/শর্তাদি পূরণ করতে হবে।
(চ) সংশোধিত পবিস নির্দেশিকা অনুযায়ী সর্বশেষ ০৩ বৎসরের কর্মমূল্যায়নের ন্যূনতম গড় রেটিং ৩.৫০ থাকতে হবে।
(ছ) কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-৪ এর কর্মচারী চাকুরী বিধি-১৯৯২, সংশোধিত-২০১২ এবং ধারা ৭, ১৪ এবং ১৬ প্রতিপালন করা হবে।
(জ) বাংলা ও ইংরেজী ব্যাকরণসহ বানান, বিরাম চিহ্ন ব্যবহার ও বাক্য গঠনে পর্যাপ্ত জ্ঞান থাকতে হবে।
(ঝ) সম্পাদিত কার্যাদি সুবিন্যস্থ ও পরিষ্কার ভাবে উপস্থাপনের দক্ষতা থাকতে হবে।
(ঞ) দাপ্তরিক চিঠিপত্র, তথ্যাদি রিপোর্ট ইত্যাদি নথিভুক্ত করণের পর্যাপ্ত জ্ঞান থাকতে হবে।
(ট) দর্শনার্থীদের সাথে সৌজন্যমূলক ও মাধূর্যপূর্ণ আচরণ করার মানসিকতা থাকতে হবে।

**শর্তাবলী:**

০১॥ আবেদন ফরমের সাথে সিনিয়র জেনারেল ম্যানেজার /জেনারেল ম্যানেজার কর্তৃক প্রার্থীর বিগত ০৫ (পাঁচ) বৎসরের মধ্যে গৃহীত প্রশাসনিক ব্যবস্থার বিবরণ (যদি থাকে); সর্বশেষ ০১ বৎসরের মধ্যে লঘুদন্ড, ০৩ (তিন) বৎসরের মধ্যে কোন গুরুদন্ড, ০৫ (পাঁচ) বৎসরের মধ্যে একাধিক গুরুদন্ড, ০৪ (চার) বৎসরের মধ্যে একবার গুরুদন্ড, একবার লঘুদন্ড এবং ০৩ (তিন) বৎসরের মধ্যে একের অধিক লঘুদন্ড প্রাপ্ত হয়নি এবং বর্তমানে বিভাগীয় তদন্ত চলমান নাই মর্মে প্রত্যয়নপত্র, অনাপত্তির সনদপত্র সহ পদোন্নতি প্রদানের জন্য সুস্পষ্ট সুপারিশ, বর্তমান পদে যোগদান ও

অঃপৃঃদ্রঃ

চাকুরী নিয়মিত করণ পত্রের ফটোকপি, সাম্প্রতিক কালের তোলা ২ কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি, পদোন্নতির জন্য সংশোধিত নির্দেশিকা ৩০০-৫১ অনুযায়ী প্রয়োজনীয় প্রশিক্ষণের ফলাফলের সত্যায়িত ফটোকপি, সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের ফটোকপি, বিগত ০৩ (তিন) বৎসরের কর্মমূল্যায়নের ফটোকপি যা এজিএম (প্রশাসন/এইচআর) কর্তৃক সত্যায়িত করে সংযুক্ত করতে হবে।

০২॥ সংশোধিত পবিস নির্দেশিকা ৩০০-১৩ ও ৩০০-১৭ অনুযায়ী প্রার্থীর বেতন ভাতাদি সংরক্ষণ করা হবে।

০৩॥ পদোন্নতির ক্ষেত্রে জেলা কোটা প্রযোজ্য নয়। তবে অত্র পবিসের ভৌগোলিক এলাকার (কুমিল্লা জেলার লাকসাম, নাঙ্গলকোট ও মনোহরগঞ্জ উপজেলার) স্থায়ী বাসিন্দাদের আবেদন করার প্রয়োজন নাই।

০৪॥ নির্বাচিত প্রার্থীকে প্রাথমিক অবস্থায় ০১ (এক) বৎসরের জন্য চলতি দায়িত্ব পদে নিয়োগ দেয়া হবে। চলতি দায়িত্ব চলাকালীন কর্মসম্পাদনের মান সন্তোষজনক হওয়া সাপেক্ষে চাকুরীতে নিয়মিত করা হবে।

০৫॥ অত্র পবিসের এলাকা পরিচালক/মহিলা এলাকা পরিচালক এবং সমিতির কর্মকর্তা/কর্মচারীদের রক্তের সম্পর্কীয় কেউ অথবা তাদের স্বামী/স্ত্রীর রক্তের সম্পর্কীয় কেউ আবেদন করতে পারবেন না।

০৬॥ কোন প্রার্থী তথ্য গোপন করে বর্ণিত পদে পদোন্নতি প্রাপ্ত হওয়ার পর পরবর্তীতে তা প্রমাণিত হলে তার বিরুদ্ধে পবিস কর্মচারী চাকুরী বিধির আলোকে যথাযথ প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৭॥ নির্বাচনী পরীক্ষায় উপস্থিত হওয়ার জন্য প্রার্থীকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

০৮॥ যে কোন আবেদন এবং এই নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল করার ক্ষমতা পবিস কর্তৃপক্ষের নিকট সংরক্ষিত।

০৯॥ শর্তাবলীতে উল্লেখ নেই এমন যেকোন বিষয় নিস্পত্তির ক্ষেত্রে অত্র পবিস কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে গণ্য হবে।

25/11/20

(প্রকৌঃ দীলিপ চন্দ্র চৌধুরী)
জেনারেল ম্যানেজার
মোবাইল : ০১৭৬৯-৪০২১৭৩

**অনুলিপিঃ (সদয় অবগতির জন্য)**

০১। নির্বাহী পরিচালক, বাপবিবো, ঢাকা।
০২। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (পূর্বাঞ্চল)/পবিস মানব সম্পদ পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
০৩। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার...................১/২/৩/৪। (বিজ্ঞপ্তিটি আপনার পবিসের নোটিশ বোর্ডের মাধ্যমে বহুল প্রচারের ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হলো।)
০৪। ডিজিএম, (সদর দপ্তর-কারিগরী)/নাঙ্গলকোট/মনোহরগঞ্জ জোনাল অফিস, কুমিল্লা পবিস-৪।
০৫। এজিএম (অর্থ/প্রশাসন/সদস্য সেবা/ওএন্ডএম), কুমিল্লা পবিস-৪।
০৬। নোটিশ বোর্ড, কুমিল্লা পবিস-৪।
০৭। অফিস কপি/মাষ্টার কপি।

25/11/20

(প্রকৌঃ দীলিপ চন্দ্র চৌধুরী)
জেনারেল ম্যানেজার